Bow Cross

December 2011 issue 40

Development Update


Campbell Road


Hackworth Point

Campbell Road

Countryside Properties have completed five out of the seven blocks of flats being built along Campbell Road. Residents are beginning to move in, so you may have noticed a lot of activity around the new development.

The remaining two blocks are due to be completed at the end of February 2012 and the external communal areas will then be landscaped.

Hackworth Point

The scaffolding surrounding Hackworth Point is being taken down. The works to the outside of the tower are progressing well and once each section has been completed, the scaffolding is then removed. Each tower block has it's own colour scheme. Priestman Point's is yellow and Hackworth Point's new colour is Lilac.

Decoration works inside the tower are on schedule and we are pleased with the quality of the finish. We hope residents will also like their new homes when they move in, which is planned for July next year.

Next management board meeting...

Meetings are held on Wednesdays at 6.30pm at the Estate Community Room. All residents are welcome!

Tressa wins STAR Community Award

Congratulations to Tressa Bates who won an inspirational resident award for her dedication and hard work for the community.

She is the Chair of the Estate Management Board and was nominated by Charmaine Burke for leading a number of community projects to improve the quality of life for other residents on the estate.

She was a winner at the second annual STAR in the Community Awards held at East Wintergarden, in Canary Wharf, which was hosted by the nine housing associations based in Tower Hamlets.

Some of the awards were handed out by local MP Jim Fitzpatrick. Among those who were honoured were volunteers who have championed the needs of the young, the old and the vulnerable by setting up new activities in their neighbourhoods.

Thirteen star trophies were presented on the night to residents who were winners of the new categories which included bringing people together, young person of the year and contribution to resident involvement.

Some awards attracted more than 30 nominations and the task of choosing winners was done by a panel of independent judges.

Local talent winner targets Britain

Singer Sabrina Da Silva Sousa, 12, winner of Bow's Got Talent, will be auditioning for Britain's Got Talent this December.

Sabrina first showed star potential in front of Bow Cross locals at the Bow Cross Fun Day in September, where she stole the judges hearts with Mariah Carey's classic, 'Hero'.

We wish her the best of luck and hope that she takes Britain by storm, as she did at the local fun day.

Community photo exhibition

The big community photo shoot will be exhibited on the 17 December.

We asked you to join your community in a giant photograph that was taken of Bow Cross back in September. We wanted everyone who lives here to be in it and 160 of you turned up.

The exhibition is made up of three parts: a mural-sized photograph, a video and a book. The book includes historical photographs that you donated, alongside images from the three tower blocks before regeneration started. The video captured a fly-through of residents as they filled the streets on the night.

Join us in the Priestman Point Community Room on Saturday 17th December from 6.30pm to 8.30pm. If you have any questions please contact photographer Simon Terrill on 020 8981 6811 or mail@acme.org.uk.

New! Dictaphones for recording ASB

We want to ensure that you can report all incidents of anti-social behaviour to us, so that we can take the appropriate action to tackle it.

If you contact us to report an incident, we will often ask you to complete diary sheets as evidence of what has happened and when. We can then decide what we can do to resolve it for you. These diary sheets can also be used as evidence if legal action is taken.

However, we know that for some people it may be easier to record what has happened on a Dictaphone, instead of writing it down.

If you are experiencing ASB and would like information about using a Dictaphone to record any ongoing incidents, please contact your Neighbourhood Officer on 0300 3030 2500 and they will be able to help you, or visit us at our Housing Office.

Bow Cross Youth Club

NEW

If you are aged 8 to 17 you can now join a new Youth Club on Tuesday nights, 4.30pm to 6.45pm for young people who live on the estate.

We have a games console and a variety of board games. We'll even be getting pool and ping-pong tables in the future.

If you are interested you will need to register on Tuesday 20th December from 4.30pm to 6.45pm to join the group.

Please come along with your ideas of how we can make this club more fun – such as competitions on FIFA 2012, or an estate chess competition. We look forward to seeing you there and hearing your ideas.

If you have any questions, please contact Abul Hasnath on 01277 844242.

Useful numbers

Housing Office 0300 303 2500

Customer Feedback Co-ordinator 01277 314341

Regeneration Team 01277 844256

Safer Neighbourhood Team 020 8721 2808 or 07818 452178

24 hour Anti Social Behaviour Help Line 0800 075 6699

Police Non Emergency Crime Reporting Line 0300 123 1212

Repairs 0800 783 2768

This newsletter was printed in December 2011

বো ক্রস

BOW CROSS

ডিসেম্বার ২০১১ সংখ্যা ৪০

উন্নয়ন বিষয়ক সর্বশেষ খবর


ক্যাম্পবেল রোড


হ্যাকওর্থ পয়েন্ট

ক্যাম্পবেল রোড

কান্ট্রিসাইড প্রোপার্টিজ ক্যাম্পবেল রোড বরাবর সাতটি ব্লকের ভেতরে পাঁচটি ব্লকের ফ্ল্যাটের নির্মাণ কাজ শেষ করেছে। এখানে বাসিন্দারা উঠা শুরু করেছেন সুতরাং আপনি হয়ত এই নতুন নির্মাণ কর্মকান্ডের আশেপাশে ব্যাপক কর্মকান্ড লক্ষ্য করবেন।

বাদবাকী দুটি ব্লকের নির্মাণ কাজ ২০১২ এর ফেব্রুয়ারীর শেষ নাগাদ সম্পন্ন হবে এবং এক্সটার্নাল কমিউনাল এরিয়ার এর পরে ল্যান্ডস্কেপ করা হবে।

হ্যাকওর্থ পয়েন্ট

হ্যাকওর্থ পয়েন্টের আশেপাশে স্ক্যাফোল্ডিং খুলে ফেলা হয়েছে। টাওয়ারের বাইরের কাজ বেশ ভালমত অগ্রসর হচ্ছে এবং যখনই একটি সেকশানে কাজ শেষ হবে তখনই এই স্ক্যাফোল্ডিং খুলে ফেলা হবে। প্রতিটি টাওয়ার ব্লকের নিজস্ব কালার স্কিম আছে। প্রিস্টম্যান পয়েন্ট হল হলুদ এবং হ্যাকওর্থ পয়েন্টের নতুন রং লাইলাক।

টাওয়ারের ভেতরে সাজসজ্জার কাজ শিডিউল অনুসারে চলছে এবং এটি যে মান অনুসরণ করে করা হয়েছে তাতে আমরা সন্তুষ্ট। আমরা আশা করি যে বাসিন্দারা যখন তাদের নতুন ঘরে উঠবেন তখন তারাও তাদের এই নতুন ঘর পছন্দ করবেন। আগামী বছর জুলাইয়ে এটি করার পরিকল্পনা করা হয়েছে।

পরবর্তী ম্যানেজমেন্ট বোর্ড মিটিং...

মিটিংগুলি বুধবার সন্ধ্যা ৬.৩০ মিনিটে এস্টেট কমিউনিটি রুমে অনুষ্ঠিত হবে। এখানে সব বাসিন্দাদের স্বাগত জানানো হচ্ছে!

জানুয়ারী ১১

স্টার কমিউনিটি এ্যাওয়ার্ড পেয়েছেন ট্রেসা

কমিউনিটির জন্য নিবেদিতপ্রাণ ও কঠোর পরিশ্রমের জন্য ট্রেসা বেটসকে অভিনন্দন, তিনি এর প্রতিদান হিসাবে ইন্সপিরেশনাল রেসিডেন্ট এ্যাওয়ার্ড জিতেছেন।

তিনি এস্টেট ম্যানেজমেন্ট বোর্ডের চেয়ার এবং বেশ কয়েকটি কমিউনিটি প্রোজেক্টের মাধ্যমে এস্টেটের অন্যান্য বাসিন্দাদের জীবনের মান উন্নয়নে অবদান রাখার জন্য তাঁকে শার্মেইন বার্ক সুপারিশ করেছিলেন এই পুরস্কারের জন্য।

তিনি ক্যানারি ওর্ফের ইস্ট উইন্টারগার্ডেনসে অনুষ্ঠিত দ্বিতীয় স্টার ইন দ্যা কমিউনিটি এ্যাওয়ার্ডে বিজয়ী হয়েছেন। টাওয়ার হ্যামলেটস্ ভিত্তিক নয়টি হাউজিং এ্যাসোসিয়েশান এর আয়োজন করেছিল।

কিছু পুরস্কার হাতে তুলে দিয়েছিলেন স্থানিয় এমপি জিম ফিজপ্যাট্রিক। এখানে অন্যান্য যারা সম্মানিত হয়েছিলেন তাদের ভেতরে ছিলেন ভোলেন্টিয়ার যারা তাদের প্রতিবেশীদের জন্য নতুন কর্মকান্ড গড়ে তোলার মাধ্যমে তরুণ, বয়স্ক এবং ঝুঁকিপূর্ণদের চাহিদা পূরণে অবদান রেখেছেন।

এই রাতে যেসব বাসিন্দারা নতুন ক্যাটাগরিতে জয়লাভ করেছেন তাদের কাছে তেরটি স্টার ট্রফি পুরস্কার তুলে দেয়া হয়েছে। এর ভেতরে আছে বাসিন্দাদের একত্রিত করা, ইয়াং পারসন অফ দ্যা ইয়ার এবং বাসিন্দাদের জড়িত রাখতে অবদান রাখা।

কিছু এ্যাওয়ার্ডের জন্য ৩০ জনের বেশী মনোনয়ন পাওয়া গিয়েছিল এবং ইন্ডিপেন্ডেন্ট জাজের একটি প্যানেল এর ভেতর থেকে বিজয়ী মনোনয়ন করেছেন।

স্থানীয় ট্যালেন্ট বিজয়ী এবার ব্রিটেন টার্গেট করেছে

এ বছর অনুষ্ঠিত বো গট ট্যালেন্ট বিজয়ী স্থানীয় শিল্পী বাবরিনা ড্যা সোসা, ১২ এবার ডিসেম্বারের ব্রিটেন গট ট্যালেন্ট এর জন্য অডিশান দিবে ।

সেপ্টেম্বারে অনুষ্ঠিত বো ক্রস ফান ডেতে সাবরিনা প্রথম তার তারকা সম্ভাবনা ফুঁটিয়ে তোলে যখন বো ক্রসের স্থানীয় বাসিন্দাদের সামনে তার গাওয়া মারায়া ক্যারির ক্ল্যাসিক হিরো গানটি গেয়ে সে বিচারকদের হৃদয় জয় করে নিয়েছিল।

আমরা তার উজ্জ্বল ভবিষ্যত কামনা করছি এবং আশা করছি সে ব্রিটেনকে জয় করে নিবে যেভাবে সে স্থানীয় ফান ডেতে করেছিল।

কমিউনিটি ফটো এক্সিবিশান

বড় আকারের কমিউনিটি ফটো শুট আগামী ১৭ ডিসেম্বার প্রদর্শিত হবে ।

আমরা একটি দৈত্যাকৃতির ফটোগ্রাফে আপনার কমিউনিটির সাথে যোগদানের জন্য আমন্ত্রণ জানিয়েছিলাম যেটি সেপ্টেম্বার মাসে বো ক্রসে তোলা হয়েছিল। বো ক্রসের সব বাসিন্দাদের অংশগ্রহনের জন্য আমরা বলেছিলাম এবং আপনাদের ভেতরে ১৬০জন উপস্থিত হয়েছিলেন।

এই প্রদর্শনি তিনটি অংশে বিভক্ত: একটি ম্যুরাল আকৃতির ফটোগ্রাফ, একটি ভিডিও এবং একটি বই। এই বইয়ের ভেতরে আছে ঐতিহাসিক ফটোগ্রাফ যেগুলি আপনারা দান করেছেন। এর সাথে আছে এই রিজেনারেশান কাজের পূর্বে এই তিনটি টাওয়ার ব্লকের ফটো। ভিডিওর মাধ্যমে রাতের বেলা রাস্তায় সমবেত বাসিন্দাদের উপর থেকে তোলা ভিডিও আছে।



আগামী ১৭ সেপ্টেম্বার সন্ধ্যা ৬.৩০ থেকে ৮.৩০ পর্যন্ত প্রিস্টম্যান পয়েন্টের কমিউনিটি রুমে আমাদের সাথে যোগদান করুন। যদি আপনার কোন প্রশ্ন থাকে তাহলে দয়া করে ফটোগ্রাফার সায়মন টেরিলকে 020 8981 6811 নাম্বারে ফোন অথবা mail@acme.org.uk ঠিকানায় ইমেইল করুন।

নতুন! এএসবি রেকর্ডের জন্য ডিক্টাফোন

আপনি যেন আমাদের কাছে সব ধরনের অসামাজিক কর্মকান্ডের ঘটনা জানাতে পারেন সেটি নিশ্চিত করতে চাই, আমরা চাই যেন এর মাধ্যমে এগুলি প্রতিরোধের জন্য আমরা যথাযথ পদক্ষেপ হাতে নিতে পারি ।

আপনি যদি কোন ঘটনা জানানোর জন্য আমাদের সাথে যোগাযোগ করতে চান তাহলে আমরা প্রায়ই আপনাকে একটি প্রমাণ হিসাবে যা ঘটেছে এবং যখন ঘটেছে তার বিস্তারিত বিবরণ লিখে একটি ডায়েরি শিট পূরণ করার জন্য অনুরোধ করি। পরে আমরা সিদ্ধান্ত নিতে পারি যে এর সমাধানের জন্য আমরা কি করতে পারি। যদি ভবিষ্যতে আইনী পদক্ষেপ গ্রহন করা হয় তাহলে এই ডায়েরির শিটগুলি প্রমাণ হিসাবে ব্যবহার করা হবে।

আমরা জানি যে অনেকের কাছে বিবরণ একটি কাগজে লিখার থেকে ডিক্টাফোনে রেকর্ড করা অনেক বেশী সহজতর বলে মনে হতে পারে।

যদি আপনি অসামাজিক কর্মকান্ডের শিকার হন এবং কোন চলমান ঘটনা ডিক্টাফোনে রেকর্ড করারর ব্যাপারে তথ্য জানতে চান তাহলে দয়া করে আপনার নেইবারহুড অফিসারকে 0300 3030 2500 নাম্বারে ফোন করুন এবং তারা আপনাকে সাহায্য করতে পারবে । অথবা আপনি কর্নউড ড্রাইভে আমাদের হাউজিং অফিসে চলে আসতে পারেন ।

বো ক্রস ইয়্যুথ ক্লাব

নতুন

যদি আপনার বয়স ৮ থেকে ১৭ এর ভেতরে হয় তাহলে আপনি মঙ্গলবার রাতে বিকাল ৪,৩০ থেকে ৬.৪৫ পর্যন্ত একটি ইয়্যুথ ক্লাবে যোগদান করতে পারবেন । এজন্য আপনাকে বো ক্রসের বাসিন্দা হতে হবে ।

আমাদের একটি গেমস কনসোল এবং বিভিন্ন ধরনের বোর্ড গেম আছে। এমনকি ভবিষ্যতে আমরা পুল এবং পিং পং টেবিল টেনিস পেতে যাচ্ছি।

যদি আপনি আগ্রহী হন তাহলে এই এস্টেটের বাসিন্দা হিসাবে আপনাকে মঙ্গলবার ২০ ডিসেম্বার বিকাল ৪,৩০ থেকে ৬.৪৫ এর ভেতরে রেজিস্টার করতে হবে।

দয়া করে এদিন এসে কিভাবে আমরা এই ক্লাবকে আরো আনন্দপূর্ণ করতে পারি, যেমন ফিফা ২০১২ এর উপরে প্রতিযোগিতা, অথবা এস্টেট দাবা প্রতিযোগিতা, এ সম্বন্ধে আমাদের আইডিয়া দিন। আমরা এদিন আপনাকে দেখার এবং আপনার আইডিয়া শোনার আশায় রইলাম।

যদি আপনার কোন প্রশ্ন থাকে তাহলে দয়া করে আবুল হাসনাতকে 01277 844242 নাম্বারে ফোন করুন ।

গুরুত্বপূর্ণ নাম্বার

হাউজিং অফিস 0300 303 2500

কাস্টমার ফিডব্যাক কোঅর্ডিনেটর 01277 314341

রিজেনারেশান টীম 01277 844256

সেফার নেইবারহুড টীম 020 8721 2808 বা 07818 452178

২৪ ঘন্টা এ্যান্টি সোশ্যাল বিহেভিয়র হেল্প লাইন 0800 075 6699

পুলিশ নন ইমার্জেন্সি ক্রাইম রিপোর্টিং লাইন 0300 123 1212

মেরামত 0800 783 2768

এই নিউজলেটারটি ডিসেম্বার ২০১১ তারিখে প্রকাশিত হয়েছে